করা হয় না, আবার পিতার প্রীতিসাধন করিতে গেলে মাতার প্রীতিসাধন করা হয় না। কিন্তু সেই প্রাণ, ধন, মনঃ বাক্য প্রভৃতির দ্বারা যদি পরমেশ্বরের প্রীতি-উদ্দেশ্যে কিছু করা যায়, তাহা হইলে সেটি বৃক্ষের মূলসেচনের মত মহাফলপ্রদ হইয়া থাকে। অর্থাৎ যেমন বৃক্ষের মূলদেশে জলসিঞ্চন করিলে শাখা-পল্লবাদি সকলেরই সন্তোষ হইয়া থাকে, তেমনি সর্ব্বদেহে অন্তর্য্যামীরূপে বিদ্যমান পরমেশ্বরের উপাসনা করিলে দেহ, পুত্র, স্বজন, বন্ধু, বান্ধব, দেবতা, গন্ধর্ব্ব প্রভৃতি সকলেরই পরমসন্তোষ হইয়া থাকে। কারণ সর্ব্বদেহে একই পরমেশ্বর অন্তর্য্যামীভাবে বিদ্যমান আছেন। মূলশ্লোকে "পৃথকত্বাৎ" অর্থাৎ পরমাত্মা ভিন্ন বস্তুর আশ্রয় করিয়া প্রবৃত্ত হয় বলিয়া তাহা অসৎ। আর "অপৃথক্‌ত্বাৎ" পদের অর্থ একমাত্র পরমেশ্বরকে আশ্রয় করিয়া প্রবৃত্ত হয় বলিয়া সৎ। অতএব, নিখিল জ্ঞান ও ক্রিয়াশক্তি পরমেশ্বরের চিৎ-আভাস সম্বলিত হইয়াই প্রকাশ পায়, স্বতন্ত্ররূপে জড়ীয়-দেহেন্দ্রিয়াদির জ্ঞান ও ক্রিয়াশক্তির বিকাশে সামর্থ্য নাই। এইজন্য পরমেশ্বরই নিখিল জ্ঞান ও ক্রিয়াশক্তির প্রবর্ত্তক। অথচ ঐ জ্ঞান ও ক্রিয়াশক্তি যদি পরমেশ্বরের উদ্দেশ্যেই প্রযোজিত হয়, তাহা হইলে সেই জ্ঞান ও ক্রিয়াশক্তি নির্গুণ না হইবে কেন ? অতএব, জ্ঞান ও ক্রিয়াস্বরূপা শ্রীহরিভক্তি যে নির্গুণা—ইহা অতিশয় যুক্তিযুক্ত। বিশেষতঃ সেই শ্রীহরিভক্তির সত্ত্বাদি গুণসম্বন্ধে আবির্ভাব হয় না। ব্রহ্মজ্ঞান কিন্তু সত্ত্বগুণ সম্বন্ধেই আবির্ভূত হইয়া থাকে। অতএব সেই নির্গুণা ভক্তি শ্রীভগবানেরও যে সুখদায়ী গুণসমূহে অলঙ্কৃতা, তাহাই পরে সপ্রমাণে উল্লিখিত হইবেন। তবে যে তৃতীয়স্কন্ধে ভক্তির নির্গুণ ও সগুণ অবস্থা বর্ণন করিয়াছেন, তাহা কিন্তু ভক্তি-সাধক পুরুষের অন্তঃকরণে সত্ত্ব, রজঃ ও তমোগুণেরই ভক্তিতে উপচার করা হইয়াছে, এইরূপ সিদ্ধান্ত নির্দ্ধারিত হইল। শ্রীভগবান এইরূপ অভিপ্রায়েই জ্ঞানরূপা ভক্তির নির্গুণত্ব বর্ণন করিয়া ক্রিয়ারূপা ভক্তির নির্গুণত্ব বর্ণন করিতেছেন। তন্মধ্যে শ্রবণ-কীর্ত্তনরূপা ভক্তি যে নির্গুণ, সে বিষয়ে কোনও সংশয়ই নাই। ভগবৎসম্বন্ধ আছে বলিয়া ভগবন্মন্দিরে বাস করা রূপ ভক্তিরও নির্গুণত্ব বর্ণন করিয়াছেন—

"বনন্ত সাত্ত্বিকো বাসো গ্রাম্যো রাজস উচ্যতে।
তামসং দ্যূতসদনং মন্নিকেতন্তু নির্গুণম্॥" ১১।২৫।২৫ ॥ ১৩৫ ॥

বনং বাস ইতি তৎসম্বন্ধিনী বসনক্রিয়েত্যর্থঃ। বানপ্রস্থানামিতি জ্ঞেয়ম্। এবং গ্রাম্য ইতি গৃহস্থানাম্। তামসমিতি দুরাচারাণাম্। দ্যূতসদনমিত্যুপলক্ষণম্। মন্নিকেতমিতি ভগবৎসেবাপরাণাম্। বনাদীনাং বাসেন সহায়ূর্দ্ধ্বতমিতিবদেকাধি-